# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং পনি/পিএ-১২৯৭ তারিখ : ০৮-০৮-২০২৬ খ্রি.

## এইচএসসি পরীক্ষা-২০২৬ এর ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এ বোর্ডের অধীন সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা ২০২৬-এর ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে আগামী ২০-০৮-২০২৬ খ্রি. তারিখের মধ্যে সকল ব্যবহারিক পরীক্ষার কার্যক্রম সম্পন্ন করে সকল বিষয়ের ব্যবহারিক নম্বর বোর্ডের ওয়েব সাইটে আপলোড করতে হবে।

ব্যবহারিক পরীক্ষা গ্রহণের নিয়মাবলি নিম্নে প্রদত্ত হলোঃ

১) যে পরীক্ষা কেন্দ্রে তত্ত্বীয় পরীক্ষা অনুষ্ঠিত হবে সেই পরীক্ষা কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষা নিতে হবে। **পরীক্ষার্থীদের ব্যবহারিক নম্বরফর্দ ও উত্তরপত্রের প্যাকেটের শিরোনামপত্রে অবশ্যই মূল কেন্দ্রের কোড লিখতে হবে।**

২) পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতিক্রমে মূল কেন্দ্রে বিশেষ কোন ব্যবহারিক বিষয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে আবেদন দাখিল করে নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা যাবে। বিষয়টি ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট কলেজকে অবশ্যই অবহিত করবেন। এ ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র, প্রশ্নপত্র সংশ্লিষ্ট অধ্যক্ষ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট হতে গ্রহণ করবেন এবং ভারপ্রাপ্ত কর্মকর্তার নির্দেশ মোতাবেক ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করে উত্তরপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবেন।

৩) ব্যবহারিক পরীক্ষার জন্য প্রতি বিষয়ের বহিরাগত পরীক্ষক বোর্ড কর্তৃক নিযুক্ত হবেন। কোন অবস্থাতেই কোন শিক্ষক নিজ কলেজের পরীক্ষার্থীদের বহিরাগত পরীক্ষক নিযুক্ত হবেন না। মৌখিক পরীক্ষার নম্বর অভ্যন্তরীন এবং বহিরাগত পরীক্ষকের সম্মতির ভিত্তিতে প্রদান করতে হবে কিংবা উভয়ের প্রদত্ত নম্বরের যোগফলের গড় নম্বর প্রদান করতে হবে।

৪) ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করার পর কেন্দ্র সকল বিষয়ের নম্বর বোর্ডের অন লাইনে প্রেরণ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৮-০৮-২০২৬

(প্রফেসর এস. এম. হোসেন আলী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

ভারপ্রাপ্ত কর্মকর্তা
এ বোর্ডের অধীন সকল
এইচএসসি পরীক্ষা কেন্দ্র-২০২৬